# “বাড়ী/ফ্ল্যাট ভাড়ার চুক্তিপত্র”

নাম:----------------------------------- পিতার নাম:-----------------------------, ঠিকানা:----------------------------------------------, জাতীয় পরিচয়পত্র নং--------------------------, মোবাইল নং------------------, ধর্ম-------------, পেশা--------------, জাতীয়তা-বাংলাদেশী।

--------------------- প্রথমপক্ষ/মালিক

নাম:-----------------------------পিতার নাম:--------------------------, ঠিকানা:-----------------------------------------------,জাতীয় পরিচয়পত্র নং--------------------------, মোবাইল নং------------------, ধর্ম-------------, পেশা--------------, জাতীয়তা-বাংলাদেশী।

-------------------দ্বিতীয় পক্ষ/ভাড়াটিয়া

নিম্ন লিখিত শর্তে ঠিকানা:-------------------------- এ নির্মিত বাড়ীর প্রথম পক্ষ/মালিক এবং এবং দ্বিতীয় পক্ষ/ভাড়াটিয়া কর্তৃক এই চুক্তিপত্র সম্পাদিত হইল। প্রদেয় অগ্রীম টাকা :------------------------------------মাসিক ভাড়া-------------------- ---টাকায় পানি, বিদ্যুৎ, গ্যাস বিল ও সার্ভিজ চার্জ ব্যতিরেকে ভাড়া দেওয়া হইল।

চলমান পাতা....../২

-: শর্তসমূহ :-

১। বাড়ী/ফ্ল্যাট ভাড়ার মেয়াদ এক বৎসর যাহার তারিখ......................... ইং হইতে ............................ইং পর্যন্ত বলবৎ থাকিবে। মেয়াদান্তে উভয় পক্ষ ইচ্ছা করিলে পুনরায় ভাড়া নির্ধারণ পূর্বক এই চুক্তির মেয়াদ বাড়াইতে পারিবেন অন্যথা দ্বিতীয় পক্ষ বাড়ী ছাড়িয়া দিবেন।

২। ভাড়াকৃত বাড়ী/ফ্ল্যাট শুধু পারিবারিক বাসস্থান হিসাবে ব্যাবহার করা যাইবে। ২য় পক্ষ ১ম পক্ষের অনুমতি ব্যতিরেকে কোন সাবলেট দিতে পারিবেন না। পাড়া-পড়শী অন্যান্য ভাড়াটিয়াদের বিরক্তিকর কোন কাজ কর্ম বা অসদাচরণ করা যাইবে না। এছাড়া মাদক দ্রব্য সেবন, জুয়াখেলা ও কোন সমাজ বিরোধী কার্যকলাপ ভাড়াকৃত বাড়ী/ফ্ল্যাটে করিতে পারিবেন না। এমন কোন কাজ করিবেন না যাতে বাসার নিরাপত্তা বিঘ্নিত হতে পারে। বারান্দা ও জানালা দিয়ে ময়লা, আবর্জনা, কফ এবং কোন কিছু নিচে ফেলা যাবে না।

৩। ভাড়াকৃত বাড়ী/ফ্ল্যাটে দ্বিতীয় পক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবেন এবং সকল প্রকার ফিটিংস যত্ন সহকারে ব্যবহার করিবেন এবং ইহার মেরামতের প্রয়োজন হইলে দ্বিতীয় পক্ষ নিজ খরচে করিবেন।

চলমান পাতা....../৩

৪। প্রতি মাসের ৫ (পাঁচ) হইতে ১০ (দশ) তারিখের মধ্যে দ্বিতীয় পক্ষ সেই মাসের বাড়ী/ফ্ল্যাট ভাড়া প্রথম পক্ষের নিকট পৌছাইয়া দিবেন এবং রশিদ গ্রহন করিবেন। রশিদের নিচের লাইনে কোনো নোটিশ আছে কিনা দেখে নিবেন। বাসা সংক্রান্ত কোন অনুরোধ কোন বিষয় নোটিশ দেওয়া থাকিলে তা গুরুত্ব সহকারে পড়বেন এবং মেনে চলবেন।

৫। মালিক অথবা তাহার প্রতিনিধি কতৃক ভাড়াকৃত বাড়ী/ফ্ল্যাট এর কোন অংশ পরিদর্শনের দরকার হলে দ্বিতীয় পক্ষ পরিদর্শনের প্রয়োজনীয় সহযোগিতা করিবেন।

৬। কোন সময়ে যে কোন কারণে দ্বিতীয় পক্ষের ভাড়াকৃত বাড়ী ছেড়ে দেওয়ার প্রয়োজন হইলে বা প্রথম পক্ষের নিজস্ব প্রয়োজনে ৬০ দিন পূর্বে লিখিতভাবে এক পক্ষ অন্য পক্ষকে নোটিশ প্রদান করিবেন। কোন পক্ষের কোন ওজর আপত্তি চলিবে না। এবং নোটিশ কালীন সময়ে নতুন ভাড়াটিয়াকে বাড়ী প্রদর্শনের দ্বিতীয় পক্ষ সকল প্রকার সহযোগিতা করবেন।

৭। দ্বিতীয় পক্ষ/ভাড়াটিয়া শুধু মাত্র তিতাস গ্যাসের অনুমোদিত গ্যাস (ডাবল গ্যাস বার্নার) ব্যবহার করিতে পারিবেন। তবে তিতাস গ্যাসের অনুমোদিত গ্যাস ব্যতীত দ্বিতীয় পক্ষ/ভাড়াটিয়া সিলিন্ডার গ্যাস ব্যবহার করিতে পারিবে। তাহাতে প্রথম পক্ষ/মালিকের কোন আপত্তি থাকিবে না।

চলমান পাতা....../৪

৮। প্রতি মাসের বিদ্যুৎ বিল পরিশোধের শেষ তারিখের (বিলের) ৫ দিন পূর্বে দ্বিতীয় পক্ষ পরিশোধ করিতে বাধ্য থকিবেন।

৯। রাত ১১ টার পর বিল্ডিং এর মেইনগেট বন্ধ থাকিবে তবে ভাড়াটিয়াদের অবাধ যাতায়াত নিশ্চিত করিতে হইবে, সেটা ভাড়াটিয়াকে গেটের চাবি প্রদানের মাধ্যমে অথবা নিরাপত্তা প্রহরী নিয়োগ দিয়ে অথবা অন্য কোন ভাড়াটিয়া বান্ধব পদ্ধতি অবলম্বন করিয়া। আবার বাড়িওয়ালা এবং ভাড়াটিয়া উভয়ের মধ্যে আলোচনার মাধ্যমে বাড়ির নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে।

১০। সরকার কর্তৃক ঘোষিত বা প্রাকৃতিক কারণে পানি, বিদ্যুত এবং গ্যাস সমস্যা দেখা দিলে তার জন্য প্রথম পক্ষকে কোন রকম দোষারোপ করা যাবে না। তাছাড়া প্রয়োজনের অতিরিক্ত পানি খরচবা অপচয় করা যাইবে না।

১১। দ্বিতীয় পক্ষ বাড়ী/ফ্ল্যাট ছাড়িয়া যাওয়ার সময় বাড়ী/ফ্ল্যাট এবং ইহার যাবতীয় জিনিসপত্র পরিষ্কার পরিচ্ছন্ন এবং অক্ষত অবস্থায় প্রথম পক্ষের নিকট বুঝাইয়া দিবেন।

১২। সরকারী যাবতীয় ট্যাক্স বা বিল, যেমন- বিদ্যুৎ, পানি ও গ্যাস বিল ইত্যাদি বৃদ্ধি প্রাপ্ত হইলে দ্বিতীয় পক্ষ ভাড়াটিয়াকে সেই অনুপাতে বর্ধিত ভাড়া প্রদান করিতে হইবে।

চলমান পাতা....../৫

১৩। প্রথম পক্ষ/মালিক দ্বিতীয় পক্ষ/ ভাড়াটিয়ার বা দ্বিতীয় পক্ষ/ ভাড়াটিয়ার পরিবারের সদস্যদের সহিত এমন কোন আচরন করিবে না যাহা দেশের প্রচলীত আইনে শাস্তিযোগ্য অপরাধ।

১৪। প্রথম পক্ষ/মালিক পক্ষ ২ (দুই) বছরের মধ্যে বাড়ি ভাড়া বৃদ্ধি করিতে পারিবেন না এবং দুই (২) বৎসর বাড়ি ভাড়া অর্থবছর (জুলাই-জুন) অনুসরণ করে বাড়ি ভাড়া বৃদ্ধি করিতে হইবে। বাড়ি ভাড়া বাড়ানোর সময় বাড়ি/ফ্ল্যাট রং করে দিবেন।

১৫। দ্বিতীয় পক্ষ/ভাড়াটিয়ার প্রত্যেক সদস্যদের নাম, ঠিকানা ও ফোন নাম্বার দিবেন। নামঃ-----------------------------------, ঠিকানা-------------------------------------------ফোন নাম্বার--------------------------------।

১৬। দ্বিতীয় পক্ষ/ ভাড়াটিয়া প্রতিমাসের ভাড়া নগদ/এক্যাউন্ট পে চেকের মাধ্যমে প্রথম পক্ষ/মালিক বরাবরে পরিশোধ করিবেন এবং প্রথম পক্ষ/মালিক দ্বিতীয় পক্ষ/ ভাড়াটিয়ার নিকট থেকে প্রতিমাসের ভাড়া নগদ/এক্যাউন্ট পে চেকের মাধ্যমে গ্রহন করে প্রথম পক্ষ/মালিক দ্বিতীয় পক্ষ/ভাড়াটিয়াকে গ্রহনকৃত রশিদ প্রদান করিবেন। চেকের মাধ্যমে পরিশোধীত ভাড়া কোন কারনে ডিজঅনার হলে দ্বিতীয় পক্ষ/ভাড়াটিয়া শাস্তিযোগ্য অপরাধ করিয়াছে বলিয়া গন্য হইবে।

চলমান পাতা....../৬

১৭। উপরোক্ত শর্তসমূহ অথবা ইহার কোন অংশ ২য় পক্ষ ভাড়টিয়া ভঙ্গ করলে এই চুক্তিপত্র বাতিল বলিয়া গণ্য হবে এবং ২য় পক্ষ ভাড়াটিয়া বাড়ী ছাড়িয়া দিতে বাধ্য থাকিবেন। এতদ্বার্থে আমরা উভয় পক্ষ স্বেচ্ছায় এবং সু-স্বাস্থ্য শরীরে এই চুক্তিপত্র স্বাক্ষর করিলাম।

এই চুক্তিপত্র *০০* (------) পাতায় সম্পাদিত।

নবায়ন সংক্রান্ত বিবরণঃ-

মেয়াদকালঃ *০০-০০-০০০০* হইতে *০০-০০-০০০০* (*০০০* বৎসর)।

বর্তমান ভাড়ার পরিমানঃ------------------- টাকা, কথায়ঃ-------------------- ---------।

ভাড়াকৃত স্থানের তফসিল

চলমান পাতা....../৭

ভাড়াটিয়া পক্ষের ২ (দুই) জন স্বাক্ষীর নাম, ঠিকানা ও স্বাক্ষরঃ

১। নামঃ

পিতার নামঃ

ঠিকানাঃ

জাতীয় পরিচয়পত্র নং-

মোবাইল নং-

২। নামঃ

পিতার নামঃ

ঠিকানাঃ

জাতীয় পরিচয়পত্র নং-

মোবাইল নং-

চলমান পাতা....../৮

মালিক পক্ষের ২ (দুই) জন স্বাক্ষীর নাম, ঠিকানা ও স্বাক্ষরঃ

১। নামঃ

পিতার নামঃ

ঠিকানাঃ

জাতীয় পরিচয়পত্র নং-

মোবাইল নং-

২। নামঃ

পিতার নামঃ

ঠিকানাঃ

জাতীয় পরিচয়পত্র নং-

মোবাইল নং-

প্রথমপক্ষ/মালিকের স্বাক্ষর

দ্বিতীয়পক্ষ/ভাড়াটিয়ার স্বাক্ষর